

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 23-10-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Courtesy Meet :**

গোয়ার রাজ্যপাল অশোক গণপতি রাজু গতকাল সন্ত্রীক আগরতলার রাজভবনে এলে ত্রিপুরার রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু এবং তাঁর স্ত্রী এন রেণুকা তাদের স্বাগত জানান। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*

**MMSSSKA 8.0 :**

মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান অষ্টম পর্যায়ের কর্মসূচীকে বাস্তবায়ন করার লক্ষ্যে বিলোনিয়া সার্কিট হাউসে গতকাল দক্ষিণ জেলা পর্যায়ের এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. জ্যোতির্ময় দাস জানান আগামী ২৮ অক্টোবর থেকে ৬ নভেম্বর পর্যন্ত জেলাজুড়ে চলবে এই অভিযান। বক্তব্য রাখেন দক্ষিণ জেলার জেলা শাসক সাজ্জাদ পি।

\*\*\*\*\*

**ANM Nursing :**

এ এন এম নার্সিং কোর্সের জন্য স্পট রাউন্ড কাউন্সিলিং আগামীকাল অনুষ্ঠিত হবে আগরতলায় বিদূরকর্তা চৌমুহনীস্থিত ডিরেক্টর অফ মেডিকেল এডুকেশন কার্যালয়ে। এই কাউন্সিলিং-এ অংশগ্রহণকারীদের প্রয়োজনীয় নথিপত্রের অরিজিনাল কপি সহ ঐদিন সকাল দশটা থেকে বেলা বারোটা মধ্যে ডিরেক্টর অফ মেডিকেল এডুকেশন কার্যালয়ে রিপোর্টিং করতে বলা হয়েছে।

\*\*\*\*\*

### **Special Campaign 5.0 :**

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অৱৰ সচিব মিহিৰ কুমাৰ ৰা স্বচ্ছতা বিষয়ে পঞ্চম পৰ্বৰ বিশেষ অভিযান পৰ্যালোচনাৰ উদ্দেশ্যে গতকাল আকাশবাণী আগৰতলা, দূৰদৰ্শন কেন্দ্ৰ, প্ৰেস ইনফৰমেশন ব্যুৰো-ৰ ৰাজ্য কাৰ্যালয় এৰং সেন্দ্ৰাল ব্যুৰো অফ কমিউনিকেশন-এৰ বিভিন্ন বিভাগ ঘূৰে দেখেন এৰং সংশ্লিষ্ট আধিকাৰিকদেৰ সঙ্গৈ মতবিনিময় কৰেন। এই উপলক্ষে দূৰদৰ্শন কমপ্লেক্স-এ “এক পেড় মা কে নাম” শীৰ্ষক বিশেষ কৰ্মসূচীৰ আয়োজন কৰা হয়। এৰ অঙ্গ হিমেৰে শ্ৰী ৰা দুটি আগৰ চাৰা ৰোপণ কৰেন, যা পৰিবেশ সংৰক্ষণ ও জনসচেতনতা বৃদ্ধিৰ প্ৰতীক হিমেৰে বিবেচিত হয়। বৃক্ষৰোপণ অনুষ্ঠানে পিআইবি, সিবিসি এৰং দূৰদৰ্শন কেন্দ্ৰেৰ আধিকাৰিক ও কৰ্মীগণ উপস্থিত ছিলেন। অৱৰ সচিব শ্ৰী ৰা আজ শিলং যাবেন। সেখানে বিভিন্ন মিডিয়া ইউনিট পৰিদৰ্শন কৰবেন। তাছাড়া, গুয়াহাটিতেও মিডিয়া ইউনিট পৰিদৰ্শনেৰ কৰ্মসূচি রয়েছে তাঁৰ।

\*\*\*\*\*

### **Maan-Ki-Baat :**

প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদী আগামী ২৬শে অক্টোবৰ আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁৰ চিন্তাভাবনা দেশ-বিদেশেৰ মানুষেৰ সঙ্গৈ ভাগ কৰে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭তম পৰ্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এৰং দূৰদৰ্শনেৰ সবকটি চ্যানেল এৰং আকাশবাণীৰ নিউজ অন এ.আই.আৰ, ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্ৰধানমন্ত্ৰীৰ দফতৰ, তথ্য ও সম্প্ৰচাৰ মন্ত্ৰকেৰ ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও 'মন-কি-বাত' সম্প্ৰচাৰিত হবে।

\*\*\*\*\*

### **Dist. Level Poshan Mah :**

জিৰানীয়াৰ গুৰুকুল কমিউনিটি হলে গতকাল পশ্চিম ত্ৰিপুৰা জেলাভিত্তিক অষ্টম ৰাষ্ট্ৰীয় পোষণ মাস উদযাপন কৰা হয়। অনুষ্ঠানেৰ উদ্বোধন কৰেন পশ্চিম ত্ৰিপুৰা জিলা পৰিষদেৰ ভাৰপ্ৰাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল। তিনি

বলেন, পুষ্টি ও স্বাস্থ্য রক্ষার বিষয়ে মা বোনদের আরও বেশি করে সচেতন করে তুলতে হবে। পাশাপাশি বাল্যবিবাহ প্রতিরোধেও সকলকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে ৫ জন গর্ভবতী মহিলাকে পোষণ কিট এবং ৫ জন মহিলাকে প্রধানমন্ত্রী মাত্র বন্দনা যোজনায় অর্থরাশির চেক তুলে দেওয়া হয়।

\*\*\*\*\*

#### **TB Free Panchayet :**

জাতীয় যক্ষ্মা নির্মূল কর্মসূচির অধীন টিবি মুক্ত পঞ্চায়েত ঘোষণা বিষয়ক এক পর্যালোচনা সভা গতকাল দক্ষিণ জেলা শাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় জেলায় যক্ষ্মা রোগের বর্তমান পরিস্থিতি, রোগ শনাক্তকরণ, চিকিৎসা ও সচেতনতা বৃদ্ধির কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি, দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত সভায় বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

#### **PMAY Urban 2.0 :**

প্রধানমন্ত্রী আবাস যোজনা আরবান-এর দ্বিতীয় পর্বের মেলা গতকাল বিশালগড় টাউন হলে অনুষ্ঠিত হয়েছে। বিশালগড় পুর পরিষদের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক সুশান্ত দেব। অনুষ্ঠানে ৩২০ জন সরকারি ঘর প্রাপক সুবিধাভোগীকে ওয়ার্ক অর্ডার প্রদান করা হয়।

\*\*\*\*\*

#### **Bramhakunda Mela-Meeting :**

রাসপূর্ণিমা তিথি উপলক্ষ্যে ৩ দিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা আগামী ৫ থেকে ৭ নভেম্বর অনুষ্ঠিত হবে। গতকাল ব্রহ্মকুন্ড গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে এ উপলক্ষ্যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। মেলাকে সফল করে তোলার জন্য একটি পরিচালন কমিটি ও বিভিন্ন সাব কমিটি গঠন করা হয়েছে। সভায়

উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা, এডিসি-র কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি বিশ্বজিৎ শীল প্রমুখ।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*